

# নন্দায়, ঢাকা ক্রেডিট ইউনিয়ন স্কুলের গ্রীষ্মকালীন ফলজ উৎসব

নন্দায় ঢাকা ক্রেডিট ইউনিয়ন স্কুলে অনুষ্ঠিত হলো গ্রীষ্মকালীন ফলজ উৎসব ২০২৩। ২১ জুন, সকাল ৯ ঘটিকায় ঢাকা ক্রেডিট ইউনিয়ন স্কুল প্রাঙ্গণে শিক্ষার্থীদের অংশগ্রহণে এই ফলজ উৎসব অনুষ্ঠিত হয়। স্কুলের প্রধানশিক্ষক আনন্দ চৌধুরীর তত্ত্ববধানে শিক্ষার্থীরা গ্রীষ্মকালীন নানা ধরনের ফল সংগ্রহ করে ফলজ উৎসবের আয়োজন করে।







গ্রীষ্মকালীন ফলজ উৎসব ২০২৩ -এ ঢাকা ক্রেডিটের ডিরেক্টর এবং ঢাকা ক্রেডিট ইউনিয়ন স্কুলের কনভেনর প্রত্যেশ রাংসা, ঢাকা ক্রেডিটের চীফ অফিসার (মার্কেটিং এন্ড প্রজেক্ট) সুইটি সিসিলিয়া পিউরীফিকেশন, নন্দা সেবাকেন্দ্রের সহকারী ম্যানেজার প্রদীপ দাস, ঢাকা ক্রেডিট ইউনিয়ন স্কুলের প্রধানশিক্ষক আনন্দ চৌধুরী, স্কুলের শিক্ষক, শিক্ষার্থীসহ অভিভাবকবৃন্দরাও উপস্থিত ছিলেন।

ফলজ উৎসবে শিক্ষকরা শিক্ষার্থীদের সাথে নিয়ে ৩টি গ্রুপে বিভক্ত হয়ে সকল শিক্ষার্থীদের বিভিন্ন ফলের সাথে পরিচয় করিয়ে ফলের গুণাগুণ সম্পর্কে ধারণা দেন। এ সময় শিক্ষকরা বিভিন্ন ফল খাওয়ার উপকারিতার বিষয়ে বর্ণনা করেন। শিক্ষার্থীরা ফল খাওয়ার উপকারিতা বুঝতে পেরে ফল খাওয়ায় উৎসাহী হয়।





শিক্ষার্থীদের দেশীয় সংস্কৃতিতে সমৃদ্ধ ও ফলজ গুনাগুনে সচেতন করতে ঢাকা ক্রেডিট ইউনিয়ন স্কুল প্রতি বছর ফলজ উৎসবের আয়োজন করা হয়।